

## ৪০তম মহান স্বাধীনতা দিবস পালিত

জাতীয়তাবাদী যুবদল, অষ্ট্রেলিয়া



গত ২৭শে মার্চ বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল, অষ্ট্রেলিয়া শাখার উদ্যোগে যথাযত মর্যাদায় ৪০তম মহান স্বাধীনতা দিবস পালন উপলক্ষ্যে সিডনীতে একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। জাতীয়তাবাদী যুবদল, অষ্ট্রেলিয়া শাখার ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ আবুল হাছানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল অষ্ট্রেলিয়ার সভাপতি জনাব ডাঃ আব্দুল ওয়াহাব। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ

জাতীয়তাবাদী দল, অষ্ট্রেলিয়ার সাবেক সাধারণ সম্পাদক জনাব ডাঃ মোঃ জাহিদুল ইসলাম, জাতীয়তাবাদী যুবদল, অষ্ট্রেলিয়া শাখার সাবেক সাধারণ সম্পাদক জনাব এড. মোবারক হোসেন, অষ্ট্রেলিয়া বিএনপির সাবেক সভাপতি ও বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় কমিটির সাবেক আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক জনাব মনিরুল হক জর্জ। অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা দায়িত্বে ছিলেন জাতীয়তাবাদী যুবদল, অষ্ট্রেলিয়া শাখার সাধারণ সম্পাদক জনাব আব্দুল মতিন উজ্জল।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে প্রথমেই সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানের প্রথম পর্বে সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল, নিউ সাউথ ওয়েলস এর সভাপতি জনাব মিজানুর রহমান চৌধুরী। মূল আলোচনা পর্বে বক্তারা বলেন আমরা যে লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে দেশ স্বাধীন করেছিলাম সে উদ্দেশ্যসমূহ আজও বাস্তবায়িত হয়নি। স্বাধীনতার ৪০ বছর পরেও অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, ও চিকিৎসা এই পাঁচটি মৌলিক অধিকার আমরা অর্জন করতে পারিনাই। বক্তারা বলেন স্বাধীনতার শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান শুধু স্বাধীনতার ঘোষকই নন, তিনি বীর মুক্তিযুদ্ধা ও স্বর্নিভর বাংলাদেশের রূপকার। তিনি এক দলীয় বাকশাল থেকে বহুদলীয় রাজনীতি, সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে এনেছিলেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, অষ্ট্রেলিয়া শাখার সিনিয়র সহসভাপতি জনাব শাকিল আহমেদ, সাধারণ সম্পাদক মোঃ হুছাইন সারওয়ার এবং সভাপতি জনাব মোঃ রাশেদুল ইসলাম। অনুষ্ঠানে বিএনপি, যুবদল, ছাত্রদল, জাসাস, জিয়াপরিষদ সহ বিভিন্ন সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ পর্বে মনমুগ্ধকর সাংস্কৃতিক সন্ধ্যায় গান পরিবেশন করেন বাংলাদেশ রেডিও ও টেলিভিশনের নিয়মিত শিল্পী সন্দা পাল এবং সিডনির জনপ্রিয় সংগীত গোষ্ঠী লাল-সবুজ। অনুষ্ঠানে উপস্থিত সবাই প্রাণ ভরে তাদের গান উপভোগ করেন।

